

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর।

অর্থঝণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স লোকনাথ কটন ষ্টোর, প্রোপ্রাইট জনাব সমীর দেবনাথ (দালাল), পিতা-মৃত সত্যেন্দ্র দেবনাথ দালাল, মাতা-সরস্বতী দেবনাথ, ব্যবসায়িক ঠিকানা-জ্ঞানাম সুপার মার্কেট, গেজিহাটা রোড, লক্ষ্মীপুর, বর্তমান ও স্থায়ী ঠিকানা-কৌশিক ভবন, পুরাতন আদালত রোড, পোঃ ও থানা-লক্ষ্মীপুর, জেলা-লক্ষ্মীপুর কর্তৃক ইউসিবি, লক্ষ্মীপুর শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিষিত স্থাপনাদি রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৭ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,১৩,৩১,০৭৭.৯৬ (দুই কেটি তের লক্ষ একত্রিশ হাজার সাতাত্ত্ব টাকা ছিয়ানবই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিষিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-লক্ষ্মীপুর, থানা-লক্ষ্মীপুর সদর, জে.এল. নং-৬৩, মৌজা-বাথগানগর, খতিয়ান নং-পি.এস.-১৫৯৭, এম.আর.আর.-১৩০৭, জমাখারিজ-৩৪২৫, দাগ নং-৮৩০৯৬, মোট জমির পরিমাণ-৪.৫০ শতাংশ এবং তদুপরিষিত ৫ (পাঁচ) তলা ভবন যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত।

### নিলামের শর্তাবলী ৪-

- ১। আগামী ১২/০৯/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমদ্বয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াও হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াও হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্রাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বারকারী উক্ত দর প্রস্রাব অথাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রিশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পলান্সী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্রাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্রাবিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বারকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার ব্যতা সংরবণ করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর।